

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৫.১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণীঃ

| | | |
|--------------------------|---|--|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ১৩ মার্চ, ২০২৩খ্রি, বেলা ১২.০০ টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তথ্য অধিকার বিষয়ে আলোচনার জন্য তিনি পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ জানান।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে তিনি ২০ ডিসেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন:

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|-------|--|---|
| ৩.১ | কোন নাগরিক অধিদপ্তর সংশ্লিষ্ট কোন তথ্য চাইলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তবে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোন তথ্য চাওয়া হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে তা নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদনকারী তথ্য প্রাপ্তির আবেদন করলে তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হয়ে থাকে। গত ০৪/০৮/২০২২ তারিখে ০১ জনের আবেদনের বিপরীতে ০৮/০৯/২০২২ তারিখে এবং ১৫/০১/২০২৩ তারিখে ০১ জনের আবেদনের বিপরীতে ২৯/০১/২০২৩ তারিখে তথ্য প্রদান করা হয়েছে। |
| ৩.২ | তথ্য প্রকাশ বা প্রদান করা যাবেনা এমন কোন তথ্য চাওয়া হলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করতে হবে। | তথ্য প্রকাশ বা প্রদান করা যাবেনা এমন কোন আবেদন জুলাই/২২ হতে ফেব্রুয়ারি/২৩ এর মধ্যে পাওয়া যায়নি। তবে এমন আবেদন পাওয়া গেলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করা হবে। |
| ৩.৩ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে প্রচার কার্যক্রম/অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করতে হবে। | এ বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম সভা ২০ ডিসেম্বর, ২০২২ তারিখ এবং ২য় সভা ১৩ মার্চ, ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে সভা আয়োজন করা হবে। |
| ৩.৪ | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করা হয় এবং সর্বশেষ ২৮ ডিসেম্বর, ২০২২ তারিখ হালনাগাদ করা হয়েছে। |

০২। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- বোয়ালখোলা ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি তাদের আবেদনের গতিবিধি বা অবস্থান জানতে না পারায় কর্তৃপক্ষকে কাজের অগ্রগতি অবহিত করতে পারেন না মর্মে জানান। আবেদনের অবস্থান বা গতিবিধি, শাখার সহকারীগণের সাথে যোগাযোগ না করে সরাসরি সংশ্লিষ্ট পরিচালকের নিকট হতে জানার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তবে চাহিত তথ্যের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতা থাকতে হবে মর্মে অবহিত করেন।

০৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|-------|---|--|
| ৩.১ | সেবা গ্রহীতা সেবা সংশ্লিষ্ট তথ্য জানতে চাইলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তবে সেবা গ্রহীতার সাথে চাহিত তথ্যের সম্পূর্ণতা না থাকলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে নিশ্চিন্তি করতে হবে। | উপপরিচালক (প্রশাসন/ নিরোধ শিক্ষা) |
| ৩.২ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদানযোগ্য বা প্রকাশযোগ্য না হলে সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে অবহিত করতে হবে। | |
| ৩.৩ | তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার |

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সে: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (প্রশাসন)

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১- ৭৮৮

তারিখ: ০৯ চৈত্র, ১৪২৯
২৫ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেল্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।

শামীম আহমেদ
উপপরিচালক (প্রশাসন)